

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
বীর উত্তম এ, কে খন্দকার রোড
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০১৩.৯৬.০২৭.২৩- ৯৬৪

তারিখঃ ২১ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ।
৪ এপ্রিল, ২০২৪ খ্রিস্টাব্দ।


বিষয় : ২০২৩-২০২৪ অর্থ বছরে “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির (ইজিপিপি)” ২য় পর্যায়ের বাস্তবায়নযোগ্য অনুমোদিত প্রকল্প তালিকার হার্ড কপি প্রেরণ।

সূত্র : অত্র অধিদপ্তরের স্মারক নং ৫১.০১.০০০০.০১৩.৯৬.০২৭.২৩-১৫১, তারিখ : ৩১.০৩.২০২৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)” এর ২য় পর্যায়ের ৩৩ দিন কার্যক্রম ৫১টি জেলার ৩৪০ টি উপজেলায় বাস্তবায়ন করার নিমিত্ত বাজেট বিভাজন অনুমোদনের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে, যা অনুমোদন সাপেক্ষে উপজেলাওয়ারী বরাদ্দ প্রদান করা হবে। দ্রুত সময়ে এ কর্মসূচি বাস্তবায়নের সুবিধার্থে পূর্ব প্রস্তুতি হিসেবে প্রকল্পসমূহের তালিকা প্রস্তুতপূর্বক অনুমোদন করা আবশ্যিক। বিধায় সূত্রোক্ত স্মারকে সপ্তাহে ৬ দিন কাজ করার জন্য আগামী ১৫.০৪.২০২৪ খ্রি. হতে সকল উপজেলায় একযোগে কাজ শুরু করার নিমিত্ত ওয়ার্কিং ক্যালেন্ডার প্রেরণ করা হয়েছে এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।

২। এ ছাড়া অনুমোদিত প্রকল্প তালিকা নিজস্ব ওয়েব সাইটে প্রচারের নির্দেশনা পরিপত্রে উল্লেখ রয়েছে। ফলে উপজেলাভিত্তি বাস্তবায়নযোগ্য অনুমোদিত প্রকল্প তালিকা দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রচারের নিমিত্ত ২০২৩-২০২৪ অর্থ বছরে “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)” এর আওতায় আপনার উপজেলার মার্চ-মে প্রান্তিকের ২য় পর্যায়ে বাস্তবায়নযোগ্য অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা আবশ্যিক।

৩। এমতাবস্থায়, ২০২৩-২০২৪ অর্থ বছরের ২য় পর্যায়ের “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)” বাস্তবায়নে আপনার উপজেলার অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা (হার্ড কপি) আগামী ০৯.০৪.২০২৪ তারিখের মধ্যে অত্র অধিদপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০৪/০৪/২৪
(মোহাম্মদ কামাল হোসেন)
উপপরিচালক (কাবিখা-৩)
ফোন : ৮৮০-২৪৮৮১০৯৯০

উপজেলা নির্বাহী কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল)

মেইল নং ffwegppreport@gmail.com

উপজেলা :

জেলা-

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, SMoDMRPA, মহাখালী বা/এ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক (সংশ্লিষ্ট সকল),
- ৪। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল),
- ৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,
- ৮। উপসহকারী প্রকৌশলী (সংশ্লিষ্ট সকল)....., জেলা-
- ৯। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, বা/এ, ঢাকা।
- ১০। পরিচালক (কাবিখা) এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, বা/এ, ঢাকা।
- ১১। অফিস কপি।